

# Teletalk Bangladesh Limited

A State Owned Mobile Network Operator

নংঃ ১৪.৩৫.০০০০.০২০.২৫.০২১.২২.০৪

তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রি:

## অফিস আদেশ

**বিষয়ঃ বার্সালোনা স্পেনে অনুষ্ঠিতব্য “GSMA Ministerial Programme & GSMA Mobile World Congress-2022” বিষয়ক সেমিনারে অংশগ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর পত্র নং: ১৪.০০.০০০০.০০১.০২৫.০৫২.১২.৫০, তারিখ: ১৪/০২/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থিত পত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি: হতে ০৩ মার্চ ২০২২ খ্রি: তারিখ পর্যন্ত বার্সালোনা স্পেনে “GSMA Ministerial Programme & GSMA Mobile World Congress-2022” বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হবে। উক্ত সেমিনারে টেলিটক বাংলাদেশ লিঃ হতে জনাব মোঃ খায়রুল হাসান, প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), “গ্রাম পর্যায়ে টেলিটকের নেটওয়ার্ক সম্প্রসারণ এবং ৫জি সেবা প্রদানে নেটওয়ার্ক আধুনিকায়ন” শীর্ষক প্রকল্প, অংশগ্রহণ করবেন। বর্ণিত সময়ে অর্থাৎ আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি: হতে ০৩ মার্চ ২০২২ খ্রি: তারিখ পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতীত) টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর প্রকল্প পরিচালক, “গ্রাম পর্যায়ে টেলিটকের নেটওয়ার্ক সম্প্রসারণ এবং ৫জি সেবা প্রদানে নেটওয়ার্ক আধুনিকায়ন” শীর্ষক প্রকল্প-এর রুটিন দায়িত্ব জনাব সালেহু মোঃ ফজলে রাশী, মহাব্যবস্থাপক, সেলস, ডিস্ট্রিবিউশন এন্ড সিআরএম বিভাগ তাঁর মূল দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে পালন করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অফিস আদেশটি জারি করা হলো।



(সাখন কুমার দাস)

মহাব্যবস্থাপক, প্রশাসন

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। জনাব মোঃ মোঃ খায়রুল হাসান, প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), “গ্রাম পর্যায়ে টেলিটকের নেটওয়ার্ক সম্প্রসারণ এবং ৫জি সেবা প্রদানে নেটওয়ার্ক আধুনিকায়ন” শীর্ষক প্রকল্প, টেলিটক বাংলাদেশ লিমিটেড।
- ২। সকল বিভাগীয় প্রধান, টেলিটক বাংলাদেশ লিমিটেড।
- ৩। একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিএএফও, জনপ্রশাসন মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৫। একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, টেলিটক বাংলাদেশ লিমিটেড (ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।